

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.২০৩.২৪.৫০৩

**বিষয়: এমআরএস ডিজাইন লিঃ নামক কারখানার অনুকূলে এড-হক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রদান
প্রসংগে।**

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৮৫৮, তারিখঃ ০২/১০/২০২৪

উপর্যুক্ত বিষয়ের আলোকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, এমআরএস ডিজাইন লিঃ, অফিস ও কারখানাঃ ১২৪৪, দক্ষিণ শ্যামপুর, হেমায়েতপুর, সাভার, ঢাকা। যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইএক্সপি ০০০১০৩৮-২২, তারিখঃ ১৩/১০/২০২২ খ্রিস্টাব্দ এবং উপখাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। কারখানা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য অত্র অধিদপ্তরে আবেদন জানালে অত্র অধিদপ্তরের একজন পরিদর্শক পরিদর্শন পূর্বক একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন। কারখানা কর্তৃপক্ষের দাখিলকৃত কাগজপত্রাদি ও পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে সকল ধরনের তৈরী পোশাক (নীট ও ওভেন) উপখাতে বার্ষিক ও ষাণ্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে এমআরএস ডিজাইন লিঃ এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে সকল ধরনের তৈরী পোশাক (নীট ও ওভেন) উপখাতে বার্ষিক ও ষাণ্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য নির্দেশক্রমে সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



২০-১০-২০২৪

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.২০৩.২৪.৫০৩/১ (৫)

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;

২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;

৩। ব্যবস্থাপনা পরিচালক, এমআরএস ডিজাইন লিঃ, অফিস ও কারখানাঃ ১২৪৪, দক্ষিণ শ্যামপুর, হেমায়েতপুর, সাভার, ঢাকা;

৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং

৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



২০-১০-২০২৪

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত

সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)